

কাঞ্চনজঙ্ঘায়

সামনে আমার ভাসছিল লাল সূর্য।  
পাহাড় তখন খুলছিল শীত পোশাক।  
পাহাড়ী মেয়ে একা একা হাঁটছিল পায় পায়,  
আমি তখন উদাস দৃষ্টি মেলে  
দেখি পাহাড় উদাসী নির্বাক

সামনে আমার হাঁটছিল সেই মেয়ে  
সূর্য তখন মেঘে পড়েছে ঢাকা  
এইখানে কি টেথিস সাগর ছিল ?  
বুক জুড়ে তার উঠল হিমাদি ?  
অন্তরে তার বিপুল জলরাশি ?  
বাইরেটুকু কেবল কি তার শিলাপটে আঁকা ?

সামনে আমার ছড়িয়ে আছে বন্ধুর একপথ  
নামতে হবে সমতলে ফিরতে হবে ঘর  
পাহাড়ী মেয়ে হাঁটবে একা আর কতদিন ? লক্ষ বছর ?  
পাহাড় তাহার বুকের ভেতর  
লুকিয়ে রাখে লক্ষবছর  
বর্ণা নদী জলপ্রপাত- টেথিস সাগর

ভবানীশঙ্কর চত্রবর্তী

